রাজশাহীতে রূপালী ব্যাংকে ডাকাতির চেষ্টা, নিরাপত্তারক্ষী আহত

রূপালী ব্যাংকের রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) শাখায় ডাকাতির চেষ্টা চালিয়েছে দুর্বৃত্তরা। এ সময় ডাকাতদের ধারালো অস্ত্রের আঘাতে ব্যাংকের নিরাপত্তারক্ষী আহত হয়েছেন।

বৃহস্পতিবার দিনগত রাত ১২টার দিকে এ ঘটনা ঘটে।

আহত নিরাপত্তারক্ষীর নাম লিটন। আশঙ্কাজনক অবস্থায় তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

পুলিশ জানায়, দুর্বৃত্তরা ব্যাংকের ফটকের তালা ভেঙে ফেলে। এ সময় তারা নিরাপত্তারক্ষীকে ধারালো অস্ত্র দিয়ে আঘাত করে। পরে ব্যাংকের ভোল্ট ভাঙার চেষ্টা চালায়। কিন্তু ব্যর্থ হয়ে একপর্যায়ে তারা পালিয়ে যায়।

এ ব্যাপারে মতিহার থানার ওসি শাহাদাত হোসেন খান গণমাধ্যমকে ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

তিনি বলেন, দুর্বৃত্তরা পালিয়ে গেলে আহত লিটন ব্যাংকের ম্যানেজারকে ফোন দেন। ম্যানেজার পুলিশে খবর দেয়। খবর পেয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থলে যায়। নিরাপত্তারক্ষী লিটনকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

রাজশাহী মহানগর পুলিশের মুখপাত্র সহকারী উপকমিশনার রুহুল কুদ্দুস বলেন, ব্যাংকে ডাকাতির জন্যই দুর্বৃত্তরা ভেতরে ঢুকেছিল। তারা ভল্ট ভাঙার চেষ্টা করেছিল। কিন্তু পারেনি। পরে তারা পালিয়ে যায়।